গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৯ মে, ২০২৪** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২১০-আইন/২০২৪/৬২/কাস্টমস।-** কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১০৯ এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম ও প্রবর্তন।-** (১) এই বিধিমালা সাধারণ বন্ড বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) আইনের ধারা ২৬৩ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, এই বিধিমালা আইন বাস্তবায়নের সঙ্গে সঙ্গে কার্যকর করা প্রয়োজন বিধায় এই বিধিমালা ৬ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে এই বিধিমালায়,-

(ক) **"আইন"** অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন); এবং

(খ) **"সাধারণ বন্ড" বা "জেনারেল বন্ড"** অর্থ আইনের ধারা ১২ এর উপ-ধারা (৩) ও ধারা ১০৯ এর উদ্দেশ্য পূরণকল্পে লাইসেন্সি কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সহিত সম্পাদিত একটি সাধারণ বন্ড, যাহা লাইসেন্সি কর্তৃক বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য খালাস, অনুমোদিত ওয়্যারহাউসে সংরক্ষণ ও ব্যবহারের জন্য নির্দেশিত অংকের অর্থ পরিশোধের নিশ্চয়তা প্রদান করিয়া থাকে।

৩। **সাধারণ বন্ড সম্পাদনের বাধ্যবাধকতা।-** (১) কমিশনার অব কাস্টমস (বন্ড) বা এতদুদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস লাইসেন্সিকে ওয়্যারহাউসিং এর উদ্দেশ্যে তৎকর্তৃক আমদানিকৃত পণ্য খালাসের জন্য ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধি ১৭ এ বর্ণিত অর্থের পরিমাণ উল্লেখপূর্বক একটি সাধারণ বন্ড (পরিশিষ্ট-১ অনুযায়ী) দাখিলের নির্দেশ প্রদান করিবেন।

(২) সাধারণ বন্ড সম্পাদনের পরে লাইসেন্সি শুল্ক কর পরিশোধ ব্যতিরেকে অনুমোদিত পরিমান কাচাঁমাল আমদানি, গুদামজাতকরণ ও কাঁচামাল দ্বারা অনুমোদিত ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করিতে পরিবেন।

৪। **প্রয়োগ।-** এই বিধিমালার অধীনে ওয়্যারহাউস লাইসেন্স প্রাপ্তির পর নিম্নবর্ণিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে সাধারণ বন্ড প্রযোজ্য হইবে, যথা:-

(ক) সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান;

(খ) প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান;

(গ) ডিপ্লোমেটিক বন্ড প্রতিষ্ঠান, ডিউটি ফ্রি বন্ড প্রতিষ্ঠান, ডিউটি পেইড বন্ড প্রতিষ্ঠান এবং কমিশারিয়েট;

(ঘ) সরকারি ও বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে অবস্থিত সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান;

(ঙ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর দফা (ক)-তে উল্লিখিত রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা এবং দফা (গ)-তে বর্ণিত বানিজ্যিক এলাকায় স্থাপিত সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান;

(চ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত হাই-টেক পার্কে স্থাপিত সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান; এবং

(ছ) ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান।

৫। **সাধারণ বন্ড সম্পাদনের পদ্ধতি।-** (১) লাইসেন্সি তাহার বা লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে তাহার পরিচালকগণের স্বাক্ষরসহ, লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত করিয়া ২,০০০/- (দুই হাজার) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে লাইসেন্সিং বিধিমালায় উল্লিখিত পরিমাণ অর্থের বন্ডসহ আবেদন করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত আবেদন পর্যালোচনাপূর্বক সরাসরি রপ্তানিমুখী ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠানের ওয়্যারহাউস লাইসেন্স নবায়ন থাকিলে ১ (এক) বৎসরের জন্য সাধারণ বন্ড জারি করা যাইবে।

(৩) সরাসরি রপ্তানিমুখী (নীট, ওভেন ও সুয়েটার প্রস্তুতকারী) শিল্প প্রতিষ্ঠানসমূহের জন্য নিম্নবর্ণিত ক্ষেত্রে ৩ (তিন) বৎসর মেয়াদি সাধারণ বন্ড সম্পাদন করা যাইবে, যথা:-

(ক) যে সকল প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রম হালনাগাদ রহিয়াছে; এবং

(খ) নিরীক্ষা সংক্রান্ত সমুদয় দলিলাদি জমা প্রদান করা হইয়াছে, কিন্তু কোনো যৌক্তিক কারণে শুল্ক কর্তৃপক্ষ নিরীক্ষা সম্পন্ন করিতে পারে নাই এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের কোনো অসহযোগিতা ছিল না।

(৪) যে সকল প্রতিষ্ঠানের নিরীক্ষা ২ (দুই) বৎসর অনিষ্পন্ন রহিয়াছে এবং সমুদয় দলিলাদি জমা দেওয়া হয় নাই, সেই সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে কমিশনার যৌক্তিক

বিবেচনায় ৩ (তিন) মাস সময়ের জন্য সাধারণ বন্ড সম্পাদনের অনুমতি প্রদান করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, নিরীক্ষার জন্য সমুদয় দলিলাদি উক্ত ৩ (তিন) মাসের মধ্যে জমা দেওয়া না হইলে উক্তরূপ সীমিত সময়ের জন্য সম্পাদিত সাধারণ বন্ড বাতিল হইবে:

আরও শর্ত থাকে যে, নির্ধারিত সময়ের মধ্যে গ্রহণযোগ্য কারণে নিরীক্ষা সম্পন্ন না হইলে আরও ২১ (একুশ) দিনের জন্য সাময়িকভাবে সাধারণ বন্ড দেয়া যাইবে।

(৫) আমদানি-রপ্তানি কার্যক্রম অব্যাহত রাখিবার জন্য নির্ধারিত সময়ে নিরীক্ষা নিষ্পন্ন করিতে হইবে এবং নিরীক্ষা সম্পাদন করিবার পর সাধারণ বন্ড সম্পাদন করা যাইবে।

(৬) উপর্যুক্ত শর্তসমূহ ব্যতীত অন্য যে কোনো যৌক্তিক কারণ থাকিলে রপ্তানির স্বার্থে সংশ্লিষ্ট কমিশনার ২ (দুই) মাসের সাময়িকভাবে সাধারণ বন্ড সম্পাদনের অনুমতি প্রদান করিতে পারিবেন।

৬। **রহিতকরণ ও হেফাজত।-** (১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে জাতীয় রাজস্ব বোর্ডের ৩০ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের অফিস আদেশ নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.২০১৫/৩৩৭ এবং এতদ্সংক্রান্ত সকল আদেশ এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত সকল আদেশের অধীন-

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত বা সূচিত কোনো কার্যধারা বা মামলা অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা যতদূর সম্ভব রহিত আদেশসমূহের অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা প্রণীত হয় নাই।

[পরিশিষ্ট -১]
[বিধি ৩ দ্রষ্টব্য]

১। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (৩) এবং ধারা ১০৯ এর বিধানমতে, আমি / আমরা নিম্ন স্বাক্ষরকারী / স্বাক্ষরকারীগণ, মেসার্স .........., অফিস ঠিকানা: ......... কারখানা/ওয়্যারহাউস এর ঠিকানা: ........., ব্যবসা সনাক্তকরণ নম্বর......., ওয়্যারহাউস লাইসেন্স নম্বর...... নামক প্রতিষ্ঠানের পক্ষ হইতে, যৌথভাবে ও প্রত্যেকে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির নিকট এই মর্মে ......... (.........) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে বন্ড দাখিলপূর্বক অঙ্গীকার করিতেছি যে, মহামান্য রাষ্ট্রপতির পক্ষে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক চাহিবামাত্র ....... (.....) টাকা প্রদান করিতে বাধ্য থাকিব:

| ক্রমিক নং | নাম ও পদবি | স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা | জাতীয় পরিচয়পত্র / পাসপোর্ট নম্বর | স্বাক্ষর | লিয়েন ব্যাংকের উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর ও সিল |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

২। আমি / আমরা আরো অঙ্গীকার করিতেছি যে, এই বন্ডের বিপরীতে আমদানি কাস্টম হাউস অথবা কাস্টমস স্টেশনে কাস্টমস শুল্ক ও ক্ষেত্রমত অন্যান্য শুল্ককর পরিশোধ না করিয়া আমদানিকৃত পণ্য নির্ধারিত পদ্ধতিতে কেবল ওয়্যারহাউস লাইসেন্সে অনুমোদিত উদ্দেশ্যে ব্যবহার করিব। ইহার ব্যত্যয় করিব না। এইরূপে আমদানিকৃত পণ্য বন্ডিং মেয়াদের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে অনুমোদিত উদ্দেশ্যে ব্যবহার করিতে ব্যর্থ হইলে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২৬ এর বিধান মোতাবেক উক্ত পণ্যের উপর আরোপনীয় সমুদয় শুল্ককর প্রযোজ্য জরিমানা, সুদ, ভাড়া ও অন্যান্য চার্জসহ পরিশোধ করিতে বাধ্য থাকিব।

৩। আমি / আমরা আরো অঙ্গীকার করিতেছি যে, এই বন্ডের অধীন আমদানিকৃত পণ্য অপর কোনো ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানে নির্ধারিত পদ্ধতিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিয়া স্থানান্তর করিলেও (আন্তঃবন্ড ট্রান্সফার) উক্ত পণ্যের উপর প্রযোজ্য শুল্ককরের চূড়ান্ত দায় আমি / আমরা বহন করিতে বাধ্য থাকিব।

৪। আমি / আমরা আরো অঙ্গীকার করিতেছি যে, এই বন্ডের বিপরীতে আমদানি কাস্টম হাউস অথবা কাস্টমস স্টেশনে কাস্টমস শুল্ক ও ক্ষেত্রমত অন্যান্য শুল্ককর পরিশোধ না করিয়া নির্ধারিত পাস বইয়ে অন্তর্ভুক্ত করিয়া আমদানিকৃত পণ্য নির্ধারিত পদ্ধতিতে বন্ড রেজিস্টারে

তালিকাভূক্ত করিব এবং প্রযোজ্য ক্ষেত্রে বন্ড কর্মকর্তার স্বাক্ষর গ্রহণ করিয়া এইরূপে সংরক্ষণ করিব যাহাতে কাস্টমস কর্তৃপক্ষ চাহিবামাত্র উহা প্রদর্শন করিতে পারি।

৫। আমি / আমরা আরো অঙ্গীকার করিতেছি যে, কাস্টমস আইন, ২০২৩ এবং তদ্‌ধীন প্রণীত যাবতীয় বিধি-বিধান সর্বতোভাবে মানিয়া চলিব। ইহার কোনোরূপ ব্যত্যয় হইলে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক আমার / আমাদের ওয়্যারহাউস লাইসেন্স বাতিলসহ গৃহীত অন্যান্য যে কোনো আইনগত কার্যধারা আমি / আমরা মানিয়া লইতে বাধ্য থাকিব।

বিঃদ্রঃ এই বন্ড নির্ধারিত পরিমাণ নন-জুডিসিয়াল স্ট্যাম্পে দাখিল করিতে হইবে। প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, মূসক নিবন্ধন নম্বর, ওয়্যারহাউস লাইসেন্স নম্বরসহ অনুচ্ছেদ ১ এবং মালিক/মালিকগণের নাম, ঠিকানা ও স্বাক্ষর সংবলিত ছকটি প্রত্যেক পৃষ্ঠায় থাকিবে। অতঃপর অন্যান্য অনুচ্ছেদ হইতে একটি অথবা একটির অংশবিশেষ লিখা যাইবে।

বন্ড দাতার নাম ও স্বাক্ষর:

সাক্ষীগণের নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর ও স্বাক্ষর:
১।
২।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

স্বাক্ষরিত/-
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব**